যে ব্যক্তি ক্রোধ সংবরণ করবে অথচ সে তা বাস্তবায়িত করার ক্ষমতা রাখে। আল্লাহ তা‘আলা তাকে কিয়ামতের দিন সমস্ত সৃষ্টির সামনে ডেকে হুর থেকে যত ইচ্ছা গ্রহণ করার এখতিয়ার দিবেন।

মুআয ইবনে আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি ক্রোধ সংবরণ করবে অথচ সে তা বাস্তবায়িত করার ক্ষমতা রাখে।
আল্লাহ তা‘আলা তাকে কিয়ামতের দিন সমস্ত সৃষ্টির সামনে ডেকে হুর থেকে যত ইচ্ছা গ্রহণ করার এখতিয়ার দিবেন”।
[হাসান লিগাইরিহী] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

হাদীসে বলা হয় যে, যখন কোন ব্যক্তি কারো প্রতি ক্ষুব্ধ হয় যে অবস্থায় সে তার থেকে বদলা নিতে সক্ষম কিন্তু সে আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশে তাকে ছেড়ে দিল এবং ক্ষোভের কারণসমূহের ওপর ধৈর্য ধারণ করল তার জন্য রয়েছে মহান সাওয়াব। তাকে কিয়ামতের দিন সমগ্র মাখলুকের সামনে ডাকা হবে এবং জান্নাতের সুন্দরী নারীদের থেকে যাকে ইচ্ছা গ্রহণ করার স্বাধীনতা দেওয়া হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3287